

**‘দরপত্র বিজ্ঞপ্তি’**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের ২২/০২/২০২৩ খ্রি: তারিখে ৫৮৮ নং স্মারকে প্রেরিত বাজেট বরাদ্দ পত্র মোতাবেক চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব বাজেটের আওতায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, কুমিল্লা এর ৩০,০০০ (ত্রিশ হাজার) পিছ মাদকবিরোধী শ্লোগান সম্বলিত লিফলেট (ছাপা: ৪ কালার, পেট: ফুজি, বাঁধাই: প্রি ভাঁজ) সরবরাহের “দরপত্র/কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন” (RFQ) পদ্ধতিতে আগ্রহী প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র/কোটেশন আহ্বান করা যাচ্ছে। প্রদত্ত শর্তাবলী পূরণসাপেক্ষে আগ্রহী প্রকৃত প্রতিষ্ঠানকে নিজস্ব প্যাডে আগামী ১৬/০৪/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, কুমিল্লা বরাবর সীলমোহরকৃত খামে নিম্নবর্ণিত শর্তাবলী অনুযায়ী কোটেশন/দরপত্র দাখিল করতে হবে।

**শর্তাবলী :**

১. দরপত্র/কোটেশন এর সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN নম্বরসহ আয়কর প্রদানের সনদপত্র এবং ভ্যাট নিবন্ধন সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে।
২. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিকৃত আইটেমের পরিমাণ বাড়ানো বা কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।
৩. দর উল্লেখ করার সময় টাকার পরিমাণ অংকে ও কথায় লিখতে হবে এবং কোটেশন/দরপত্রে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য নয়।
৪. অবশ্যই সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।
৫. অন্যান্য শর্ত যা সংশ্লিষ্ট অফিস তার কাজ সম্পাদন করার ক্ষেত্রে প্রয়োজন মনে করবে তা সংযুক্ত করতে পারবে।
৬. দরপত্র/কোটেশনসমূহ আগামী ১৬/০৪/২০২৩ খ্রি. তারিখ বেলা ৩.০০ টার পূর্বে দরপত্র/কোটেশন সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, কুমিল্লা বরাবর ডাকে অথবা সরাসরি কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাবে। নির্ধারিত সময় উত্তীর্ণের পর কোন অবস্থাতেই কোন দরপত্র/কোটেশন গ্রহণ করা হবে না। একই দিন বিকাল ০৩.৩০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে।
৭. কর্তৃপক্ষ উপযুক্ত যে কোন কারণে যে কোন কোটেশন/দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
৮. সরবরাহকৃত পণ্যের কোন ত্রুটি ধরা পড়লে অথবা কোটেশন/দরপত্র কমিটি সিডিউল মোতাবেক কোন অভিমত ব্যক্ত করলে অবশ্যই তা প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজ দায়িত্বে ও নিজ খরচে মেরামত/পরিবর্তন করে দিতে বাধ্য থাকবেন। এক্ষেত্রে কোনরূপ ওজর আপত্তি গৃহীত হবে না।
৯. সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে দরপত্র ও কার্যাদেশের বর্ণনা মোতাবেক মাদক বিরোধী লিফলেট নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরবরাহপূর্বক বিল দাখিল করবেন। বিলের দাবী চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।
১০. শর্ত ভঙ্গের কারণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কোন ক্ষতির উদ্ভব ঘটলে সেই ক্ষতির দ্বিগুন পরিমাণ আদায়ে অধিদপ্তরের ক্ষমতা থাকবে এবং এটি গণদাবী (Public Demand) হিসাবে গণ্য হবে।

(চৌধুরী ইমরুল হাসান)

সহকারী পরিচালক

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

জেলা কার্যালয়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০১০৩৬

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত নোটিশ বোর্ডে টানানোর সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুমিল্লা।
- ২) জেলা প্রশাসক, কুমিল্লা।
- ৩) জেলা তথ্য অফিস, কুমিল্লা।
- ৪) অত্রাফিসের নোটিশ বোর্ড।
- ৫) অফিস কপি।